অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/12/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বৈদ্যুতিক যান চার্জিংয়ের জন্য নিউ ইয়র্ক স্টেটের 15 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল প্রাপ্তির ঘোষণা করলেন

মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগ অনুদানটি ছোট থেকে মাঝারি আকারের শহরে এবং স্টেট পার্ক ও হোটেলের মতো পর্যটন গন্তব্যে চার্জিং অবকাঠামো পাওয়ার সুযোগ উন্নত করবে

2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইন লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে বৈদ্যুতিক যান (electric vehicle, EV) চার্জিং গঠন করার জন্য নিউ ইয়র্ক স্টেট 15 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল পেয়েছে। দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের (Bipartisan Infrastructure Law, BIL) অধীনে মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগ (U.S. Department of Transportation, DOT) থেকে প্রাপ্ত চার্জিং ও ফুয়েলিং অবকাঠামো (Charging and Fueling Infrastructure, CFI) অনুদানটি ছোট থেকে মাঝারি আকারের শহরে, স্টেট পার্ক ও হোটেল ও অন্যান্য এলাকার মতো অন্যান্য পর্যটন গন্তব্যে চার্জিং অবকাঠামো ও পরিচ্ছন্ন পরিবহন পাওয়ার সুযোগ উন্নত করবে, যাতে করে নিউ ইয়র্ক স্টেটজুড়ে চার্জিং উপলভ্যতা সম্প্রসারণ করার কাজ অব্যাহত রাখা যায়। আজকের ঘোষণাটি 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যকে এবং 2035 সালের মধ্যে স্টেটে বিক্রিত সকল নতুন যাত্রীবাহী গাড়ি, পিকআপ ট্রাক এবং SUV এর নিঃসরণমুক্ত হওয়ার স্টেটের আবশ্যিকতাকে সমর্থন করবে।

"পরিবহন নিঃসরণ হ্রাস এবং বৈদ্যুতিক যানবাহনে স্থানান্তর করা হলো আমাদের দেশসেরা জলবায়ু লক্ষ্য অর্জনের জন্য মুখ্য," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক স্টেট কৌশলীভাবে স্থাপিত EV অবকাঠামো পাওয়ার সুযোগ ত্বরান্বিত করছে এবং আমরা পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর পরিবহনের বিকল্প অগ্রসর করা অব্যাহত রেখেছি। বাইডেন প্রশাসন থেকে পাওয়া এই তহবিল নিশ্চিত করবে যাতে বাসিন্দা ও পর্যটক সকলের কাছে এমন আধুনিক চার্জিং প্রযুক্তি উপলভ্য থাকে যা পুরো স্টেটের সকল যাত্রী ও সম্প্রদায়ের প্রয়োজনের সাথে মানানসই হবে।"

2023 সালের জুন মাসে নিউ ইয়র্ক স্টেটের পক্ষে মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগের ফেডারেল হাইওয়ে প্রশাসনের (Federal Highway Administration, FHWA) কাছে নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) জমাকৃত একটি আবেদনের সাড়াদান হিসেবে এই অর্থ প্রদান করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেট সাধারণ সেবা অফিস (New York State Office of General Services), নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ (New York State Parks, Recreation & Historic Preservation), এবং নিউ ইয়র্ক স্টেটের মেট্রোপলিটন পরিকল্পনা সংগঠনসমূহ (Metropolitan Planning Organizations, MPOs) এবং অন্যান্য পরিকল্পনা পরিষদের অংশীদারিত্বে NYSERDA একটি সম্প্রদায়ভিত্তিক কর্মসূচির জন্য এই অনুদান তহবিল পরিচালনা করবে যার উদ্দেশ্য হবে চার্জিং অবকাঠামোতে মুখ্য শূন্যস্থান পূরণ করা এবং একই সাথে সর্বাধিক ব্যয় সাশ্রয়ী এবং অবস্থানের জন্য যথাযথ চার্জিংয়ের প্রকারের সাথে সাইটের সামঞ্জস্য করা। কর্মসূচির অধীনে অর্থায়িত চার্জিং অবকাঠামোর ধরন হলো ডিরেক্ট কারেন্ট ফাস্ট চার্জিং (Direct Current Fast Chargers, DCFC) যা দ্রুত চার্জ করার জন্য সেরা এবং লেভেল 2 চার্জার যা দীর্ঘতর সময় ধরে চার্জ করার জন্য বেশি উপযুক্ত।

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "সুবিধাজনক, নির্ভরযোগ্য EV চার্জিং হলো সম্প্রদায়সমূহ এবং পর্যটন গন্তব্যসমূহে পরিচ্ছন্ন পরিবহন বিকল্প উন্নত করার জন্য মুখ্য। সুবিধাবঞ্চিত এলাকাসমূহে অতি গুরুত্বপূর্ণ পরিবহন অবকাঠামো উন্নত করার এই কৌশলে আমাদের স্টেটের অংশীদারগণ এবং মিউনিসিপ্যাল অংশীদারগণের সাথে কাজ করতে পেরে আমরা গর্বিত এবং আমাদের রাস্তাঘাটে আরো পরিচ্ছন্ন গাড়ির সমর্থনে এই পরিকল্পনা কার্যকর করতে আমরা উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট সাধারণ সেবা অফিসের কমিশনার জিনেট ময় বলেন, "গভর্নর হোকলের আজকে ঘোষিত ফেডারেল তহবিলটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে পরিচ্ছন্ন পরিবহনে নিউ ইয়র্কের স্থানান্তর আমাদের স্টেটের ফ্লিট এবং পুরো স্টেটের EV চালকদের প্রয়োজন মেটানোর জন্য প্রয়োজনীয় চার্জিং অবকাঠামো দ্বারা সমর্থিত হয়। NYSERDA এবং স্টেট সরকারে আমাদের অংশীদারদের সাথে আমাদের কাজ নিয়ে আমরা গর্বিত এবং গভর্নরের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্য অর্জনে এবং আমাদের সকলের জন্য নিঃসরণমুক্ত একটি ভবিষ্যৎ নিশ্চিত করতে আমরা চেষ্টা করছি।"

নিউ ইয়র্ক স্টেট পার্কসের কমিশনার এরিক কুলেসিড বলেন, "নিউ ইয়র্ক স্টেটের জন্য এই অনুদান নিশ্চিত করতে গভর্নর হোকলের নেতৃত্ব এবং NYSERDA এর প্রতি আমরা কৃতজ্ঞ। আমাদের স্টেট পার্ক এবং ঐতিহাসিক সাইটসমূহে বেড়াতে যাওয়ার সময় আমাদের পর্যটকেরা যাতে সহজে EV ব্যবহার করতে পারে তা নিশ্চিত করার জন্য এই চার্জিং স্টেশনগুলিকে আমরা স্বাগত জানাচ্ছি। তারা পার্ক করতে পারবে, ঘুরে বেড়াতে পারবে এবং নিজেদের ও নিজেদের যানবাহনকে একই সময়ে রিচার্জ করতে পারবে। আমরা আমাদের শতবর্ষ পূরণ করতে যাচ্ছি, এই সময়ে আমাদের লক্ষ্য হলো নিশ্চিত করা যাতে আমাদের স্টেটের পার্ক ও ঐতিহাসিক সাইটসমূহ আগামী 100 বছর এবং এর পরেও টিকে থাকে।"

এই তহবিল বাস্তবায়ন করার জন্য NYSERDA এমন প্রকল্পের জন্য প্রতিযোগিতামূলক আবেদনের অনুরোধ শুরু করবে যা এই অর্থের লক্ষ্যসমূহের সাথে সংগতিপূর্ণ হবে, যার মধ্যে রয়েছে:

- 200 এর বেশি অবস্থানে **লেভেল 2** চার্জিং স্টেশন, যার মধ্যে থাকবে পুরো স্টেটের স্টেট পার্ক, হোটেল, অন্যান্য পর্যটন গন্তব্য, স্টেটের অফিস ভবন, এবং মিউনিসিপ্যাল পার্কিং লটসমূহ। NYSERDA সম্ভাব্য পর্যটন এবং মিউনিসিপ্যাল সাইটসমূহের জন্য একটি আবেদনের অনুরোধ জারি করবে যাতে কোন কোন অবস্থানে চার্জিং স্টেশন ইনস্টল করা হবে তা চূড়ান্ত করা যায়।
- ছয়টি পর্যন্ত ছোট থেকে মাঝারি আকারের শহরে **DCFC চার্জার,** অঞ্চলের ক্ষেত্রে এখানে লং আইল্যান্ড, হাডসন ভ্যালি, এবং সাউদার্ন টিয়ারে গুরুত্ব দেওয়া হবে। বাছাইকৃত শহরের মধ্যে থাকবে নিউ ইয়র্ক স্টেটের নির্ধারিত সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহ এবং তাদের অধিক্ষেত্রের অন্তর্ভুক্ত বহু পরিবারের বাড়ির একটি বড় অংশ। NYSERDA সনাক্তকৃত এলাকার মধ্যে সম্ভাব্য সাইটসমূহের জন্য একটি আবেদনের অনুরোধ জারি করবে যাতে কোন কোন অবস্থানে চার্জিং স্টেশন ইনস্টল করা হবে তা চূড়ান্ত করা যায়।
- চার্জিং স্টেশন ইনস্টল এবং রক্ষণাবেক্ষণ করার জন্য নিউ ইয়র্কবাসীকে প্রশিক্ষণ প্রদান করতে **কর্মীবাহিনীর বিকাশ**।

এই চার্জিং স্টেশনগুলি নিশ্চিত করবে যাতে প্রাত্যহিক জীবনযাপন এবং দীর্ঘতর সময় বেড়ানোর সময় নিউ ইয়র্কবাসীরা এবং পর্যটকরা তাদের EV সহজে ব্যবহার করতে পারে। কৌশলগতভাবে পর্যটন গন্তব্যে লেভেল 2 চার্জিং স্টেশন বসানো হলে তা দীর্ঘতর যাত্রার ক্ষেত্রে দ্রুততর DCFC চার্জিং স্টেশন ব্যবহার করার প্রয়োজন থেকে মুক্তি দিবে, এর ফলে বৈদ্যুতিক গ্রিড উন্নয়ন করার প্রয়োজনকে হ্রাস করবে। যাদের বাড়িতে চার্জিংয়ের সুযোগ নেই, শহরে DCFC স্টেশন তাদের জন্য EV চালনার সুযোগ বৃদ্ধি করে এবং ব্যাপক বিস্তৃত EV যাত্রা আরো সম্ভব করে।

দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের মাধ্যমে অর্থায়িত এবং DOT এর ফেডারেল হাইওয়ে প্রশাসন কর্তৃক পরিচালিত চার্জিং এবং ফুয়েলিং অবকাঠামোর বিবেচনামূলক অনুদান কর্মসূচিটি (Discretionary Grant Program) শহুরে এবং গ্রামীণ এলাকায়, এবং সেই সাথে নির্ধারিত বিকল্প জ্বালানি করিডোরসমূহে (Alternative Fuel Corridors, AFCs) জনগণের জন্য উন্মুক্ত স্থানে কৌশলগতভাবে EV চার্জিং স্থাপন এবং অন্যান্য বিকল্প যানবাহনে জ্বালানির ব্যবস্থা করার অবকাঠামো প্রকল্পের জন্য পাঁচ বছর ধরে 2.5 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে। রাষ্ট্রপতি বাইডেনের দ্বিপক্ষীয় অবকাঠামো আইন সম্পর্কে এবং বৈদ্যুতিক যানবাহনে বিনিয়োগ সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে FHWA এর BIL ওয়েবসাইটটি ভিজিট করুন।

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "পুরো এম্পায়ার স্টেটজুড়ে একদম নতুন বৈদ্যুতিক যানবাহনের চার্জিং স্টেশনের ক্ষমতায়ন করার জন্য দ্বিপক্ষীয় অবকাঠামো এবং কর্মসংস্থান আইনটি দ্বারা নিউ ইয়র্ক একটি বড় প্রেরণা পেয়েছে। বৈদ্যুতিক যানবাহন অতি দ্রুতহারে জনপ্রিয় হচ্ছে, এবং এই শিল্পখাতকে সফল করার জন্য আমাদের গাড়ি চার্জ দেওয়াকে

গ্যাস ট্যাংক ভরার মতো সহজ ও সুবিধাজনক করতে হবে, এবং পুরো নিউ ইয়র্কে মানুষ যেখানে কাজ করে এবং জনপ্রিয় পর্যটন গন্তব্যসমূহে আরো চার্জিং স্টেশন আনার মাধ্যমে আজকের বিনিয়োগটি আমাদেরকে ঠিক তাই করতে সাহায্য করবে। আমি যখন দ্বিপক্ষীয় অবকাঠামো এবং কর্মসংস্থান আইনটি পাশ করানোর ক্ষেত্রে নেতৃত্ব দিয়েছি, তখন স্টেটের অর্থনীতি বলীয়ান করা এবং বাতাসের মান উন্নত করতে সাহায্য করবে এমন বিনিয়োগের কথাই আমি চিন্তা করেছি। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে নিউ ইয়র্ক আমাদের দেশের EV চার্জার নেটওয়ার্ক গঠনের ক্ষেত্রে নেতৃত্ব দিচ্ছে, জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইকে সুপারচার্জ করছে এবং আমাদেরকে পরিচ্ছন্নতর ভবিষ্যতের পথে নিয়ে যাচ্ছে।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "বৈদ্যুতিক সচলতা হলো পরিবহনের ভবিষ্যৎ এবং এটি নিউ ইয়র্কবাসীদের জন্য আরো স্বাস্থ্যকর, পরিচ্ছন্নতর পরিবেশ গঠন করতে সাহায্য করবে। রাস্তায় আরো বেশি বৈদ্যুতিক যানবাহন আনতে সাহায্য করার জন্য পুরো নিউ ইয়র্ক স্টেটে অতি প্রয়োজনীয় EV চার্জিং অবকাঠামো গঠন করতে এই ফেডারেল তহবিল ব্যবহার করা হবে, যার ফলে কার্বন নিঃসরণ হ্রাস পাবে এবং নিউ ইয়র্কবাসীরা পরিচ্ছন্নতর বাতাস পাবে। এই তহবিল নিশ্চিত করতে লড়াই করে আমি গর্বিত এবং সকলের জন্য আরো স্বাস্থ্যকর একটি পরিবেশ তৈরি করতে লড়াই চালিয়ে যাবো।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "কংগ্রেসে আমার পুরো সময়ে নিউ ইয়র্কে এবং পুরো দেশে EV চার্জিং অবকাঠামো সম্প্রসারিত করার লড়াইয়ে আমি গর্বসহকারে নেতৃত্বদান করেছি। সেজন্য আজকে আমি অতি গুরুত্বপূর্ণ এই ফেডারেল বিনিয়োগ উদযাপন করতে পেরে অতি আনন্দিত যা জলবায়ু পরিবর্তন মোকাবেলায় আমাদের প্রয়াসকে বলীয়ান করবে, আমাদের নিঃসরণ লক্ষ্য অর্জন করবে, এবং ভবিষ্যতের পরিচ্ছন্ন পরিবহনকে অগ্রসর করবে। নিউ ইয়র্ক স্টেটে এই প্রয়াসের প্রভাব দেখার জন্য আমি আগ্রহী এবং আমাদেরকে আরো পরিচ্ছন্ন, সবুজতর একটি ভবিষ্যতে নিয়ে যাবে এমন টেকসই সমাধানের প্রচারে আমি প্রতিশ্রুতিবদ্ধ থাকবো।"

প্রতিনিধি গ্রেস মেং বলেন, "বৈদ্যুতিক যানবাহন চার্জিংয়ের জন্য এই 15 মিলিয়ন মার্কিন ডলার নিউ ইয়র্কের জন্য অত্যন্ত আনন্দের ব্যাপার। অতি গুরুত্বপূর্ণ এই অর্থ আমাদের অর্থনীতিকে বলীয়ান করতে সাহায্য করবে এবং আমাদের পুরো স্টেটে আরো পরিচ্ছন্নতর একটি ভবিষ্যৎ নিশ্চিত করবে। রাষ্ট্রপতি বাইডেনের স্বাক্ষর করা বিধিমালার প্রচার ও বাস্তবায়ন করতে কাজ করা আঞ্চলিক নেতৃত্ব পরিষদে (Regional Leadership Council) নিউ ইয়র্কের প্রতিনিধি হিসেবে আমি গর্বিত যে আমি দ্বিপক্ষীয় অবকাঠামো আইন পাশ করতে সাহায্য করেছি এবং এটি নিউ ইয়র্ককে লাভবান করে যাচ্ছে, এবং আমাদের ভবিষ্যৎ প্রজন্মসমূহকে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক কনজার্ভেশন ভোটার্স লীগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "আমাদের পরিবহন খাতকে পরিচ্ছন্ন করতে এবং জলবায়ু সঙ্কটের মোকাবেলা করতে নিউ ইয়র্কের একটি বলিষ্ঠ বৈদ্যুতিক যানবাহন চার্জিং নেটওয়ার্ক প্রয়োজন যাতে করে মানুষ পুরো স্টেটের যেকোনো স্থানে সুবিধাজনকভাবে তাদের গাড়ি চার্জ করতে পারে। দ্বিপক্ষীয় অবকাঠামো বিল এবং ফেডারেল হাইওয়ে প্রশাসন থেকে 15 মিলিয়ন

মার্কিন ডলার পাওয়ার জন্য আমরা NYSERDA কে অভিনন্দন জানাচ্ছি, যা নিউ ইয়র্ককে চার্জিং অবকাঠামো গঠন করতে এবং EV অভ্যুত্থানকে ত্বরান্বিত করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক ক্লিন এনার্জি অ্যালায়েন্সের (Alliance for Clean Energy New York) অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিচালক ডেব পেক কেলেহার বলেন, "বৈদ্যুতিক যানবাহন কিনতে আগ্রহী সকলের জন্য EV চার্জিং স্টেশনের প্রস্তুত অ্যাক্সেস পাওয়া একটি চিন্তার বিষয়। আমাদের পুরো স্টেটে একটি বলিষ্ঠ চার্জিং নেটওয়ার্ক প্রয়োজন, এবং এটিকে বাস্তবে পরিণত করার জন্য কঠোর পরিশ্রম করার জন্য আমি NYSERDA এবং ফেডারেল সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। নিউ ইয়র্কবাসীরা যেখানে বসবাস, কাজ, ও খেলাধুলা করে সেখানে চার্জারের সংখ্যা বৃদ্ধি করা হলে তা EV ব্যবহার বৃদ্ধি করিয়ে দিবে এবং জলবায়ু পরিবর্তনকারী কার্বন নিঃসরণ হ্রাস করে দিবে।"

আজকের ঘোষণা পরিচ্ছন্ন পরিবহন নিয়ে গভর্নর হোকলের চলমান বিনিয়োগসমূহের সম্পূরক হিসেবে কাজ করবে। নিউ ইয়র্ক আগামী পাঁচ বছরে নিঃসরণমুক্ত যানবাহনের জন্য 2.7 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করছে এবং এমন পরিচ্ছন্ন গাড়ি ও পরিচ্ছন্ন ট্রাক প্রবিধান গ্রহণ করছে যার জন্য 2035 সালের মধ্যে বিক্রিত যাত্রীবাহী গাড়ি ও লাইট ডিউটি ট্রাকের 100 ভাগ নিঃসরণমুক্ত হওয়া আবশ্যিক হবে। সক্রিয় লাইট ডিউটি যানবাহন উদ্যোগের মধ্যে রয়েছে NYSERDA এর ড্রাইভ ক্লিন রিবেট কর্মসূচির মাধ্যমে নিঃসরণ মুক্ত যানবাহন ক্রয় রিবেট, নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের জলবায়ু স্মার্ট সম্প্রদায় মিউনিসিপ্যাল অনুদান কর্মসূচির মাধ্যমে নিঃসরণমুক্ত যানবাহন ও চার্জিং অবকাঠামো অনুদান, এবং সেই সাথে "EV মেক রেডি" উদ্যোগ, নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের ইভলভ NY চার্জিং অবকাঠামো কর্মসূচি, লেভেল 2 চার্জিং অবকাঠামোর জন্য NYSERDA এর চার্জ রেডি 2.0, এবং নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো চার্জিং অবকাঠামো কর্মসূচি (National Electric Vehicle Infrastructure, NEVI) যা বৈদ্যুতিক যানবাহনের ব্যবহার সম্প্রসারিত করতে সাহায্য করে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো পরিচ্ছন্ন শক্তিতে নিউ ইয়র্কের নজিরবিহীন বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 65টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 46 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার, এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি NY গ্রিন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 170,000 এরও বেশি চাকরি,

এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে লক্ষ্য করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট সম্প্রদায়, প্রায় 500টি পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায় এবং 10টি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে স্টেটের বৃহত্তম সম্প্রদায়ের বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আলরো সংোোদ্ পোওয়ো যোলে এখোলর্ www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন